

💵 সুনান আদ-দারেমী (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ১৮০৪

৪. সাওম অধ্যায় (كتاب الصوم)

পরিচ্ছেদঃ ৪৮. 'আইয়্যামুত তাশরীক' এ সিয়াম পালন নিষেধ

بَابِ النَّهْيِ عَنْ صِيَامٍ أَيَّامٍ التَّشْرِيقِ

আরবী

أَخْبَرَنَا عَبْدُ اللَّهِ بْنُ صَالِحٍ حَدَّتَنِي اللَّيْثُ حَدَّتَنِي يَزِيدُ بْنُ عَبْدِ اللَّهِ عَنْ أَبِي مُرَّةَ مَوْلَى عَقْلِ أَنَّهُ دَخَلَ هُوَ وَعَبْدُ اللَّهِ بْنُ عَمْرٍ عَلَى عَمْرِو بْنِ الْعَاصِ وَذَلِكَ الْغَدَ أَوْ بَعْدَ الْغَدِ مَوْ يَوْمِ الْأَصْحَى فَقَرَّبَ إِلَيْهِمْ عَمْرُو طَعَامًا فَقَالَ عَبْدُ اللَّهِ إِنِّي صَائِمٌ فَقَالَ عَمْرُو أَفْطِرْ فَإِنَّ هَذِهِ الْأَيَّامَ النَّهِ عَمْرُو اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ يَأْمُرُنَا بِفِطْرِهَا وَيَنْهَانَا عَنْ صَيَامِهَا فَأَفْطَرَ عَبْدُ اللَّهِ فَأَكُلَ وَأَكَلْتُ مَعَهُ عَلَيْهِ وَسَلَّمَ يَأْمُرُنَا بِفِطْرِهَا وَيَنْهَانَا عَنْ صَيَامِهَا فَأَفْطَرَ عَبْدُ اللَّهِ فَأَكُلَ وَأَكَلْتُ مَعَهُ

বাংলা

১৮০৪. আকীলের আযাদকৃত গোলাম আবূ মুর্রা হতে বর্ণিত। তিনি বলেন, একদা তিনি এবং আবদুল্লাহ্ ইবন আমর রাদ্বিয়াল্লাহু আনহু আমর ইবনুল 'আস রাদ্বিয়াল্লাহু আনহু এর নিকট গমন করেন। ঘটনাটি ছিল ঈদুল আযহার পরের দিন কিংবা তার পরের দিন (তথা তাশরীকের দিনে)। আমর রাদ্বিয়াল্লাহু আনহু তাদের সম্মুখে কিছু খাদ্যদ্রব্য নিয়ে আসেন। তখন আবদুল্লাহ্ ইবন আমর বলেন, আমি তো রোযাদার। আমর রাদ্বিয়াল্লাহু আনহু বলেন, তুমি রোযা ভেঙ্গে ফেলো, কেননা এসকল দিনগুলো সেই দিনসমূহের অন্তর্ভুক্ত যেই দিনগুলোতে রাসূলূল্লাহ্ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম আমাদেরকে ইফতার করতে নির্দেশ দিতেন এবং রোযা রাখতে নিষেধ করতেন। তখন আবদুল্লাহ্ রা: রোযা ভেঙ্গে ফেললেন এবং খাবার খেলেন আর আমিও তাঁর সঙ্গে খেলাম।[1]

ফুটনোট

[1] তাহকীক: এর সনদ যয়ীফ, আব্দুল্লাহ ইবনু সালিহ এর 'দুর্বলতা-এর কারণে। তবে তিনি এ বর্ণনায় একাকী নন। তার অনুসরণে বর্ণনা করেছেন শুয়াইব ইবনু লাইছ ইবনু সা'দ, আর তিনি বিশ্বস্ত ফাকীহ শ্রেষ্ঠ। ফলে এটি এ সনদকে সহীহতে পরিণত করে।

তাখরীজ: ইবনু খুযাইমা, আস সহীহ নং ২১৪৯; মালিক, হাজ্ব ১৩৮; আবূ দাউদ, সওম ২৪১৮; বাইহাকী, সিয়াম



৪/২৯৭।

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন